

রাজশাহী বিশ্ববিদ্যালয়  
 'এ' ইউনিটের লিখিত ও  
 ব্যবহারিক পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক, রাজশাহী ▶  
 অপটিক্যাল মার্চ রিডিং (ওএমআর)  
 মেশিন নষ্ট হওয়ায় রাজশাহী  
 বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪  
 শিক্ষাবর্ষের স্নাতক সন্মান শ্রেণীর  
 প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় 'এ'  
 ইউনিটের এমসিকিউ পরীক্ষার ফল  
 প্রকাশে দেরি হচ্ছে। এর ফলে এই  
 ইউনিটের বাংলা, আরবি ও ইসলামিক  
 স্টাডিজ বিভাগের লিখিত পরীক্ষা এবং  
 চারুকলা, নাট্যকলা ও সংগীত  
 বিভাগের ব্যবহারিক পরীক্ষা স্থগিত  
 করা হয়েছে।  
 বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা যায়,  
 গত বুধশুক্রবার 'এ' ইউনিটের  
 স্নাতক শ্রেণীতে ভর্তির জন্য এমসিকিউ  
 পরীক্ষা অনুষ্ঠিত হয়। ওই পরীক্ষায়  
 উত্তীর্ণদের বাংলা, আরবি ও  
 ইসলামিক স্টাডিজ বিভাগে ভর্তির

জন্য লিখিত এবং চারুকলা, নাট্যকলা  
 ও সংগীত বিভাগের ভর্তির জন্য  
 ব্যবহারিক পরীক্ষায় অংশ নিতে  
 হবে। কিন্তু ওএমআর মেশিন নষ্ট হয়ে  
 যাওয়ায় ফল প্রকাশ করতে না পারায়  
 আগামীকাল ২৭ জানুয়ারি অনুষ্ঠেয়  
 লিখিত পরীক্ষা স্থগিত করা হয়েছে।  
 কলা অনুষদের অধিকর্তা আবদুল হাই  
 তালুকদার জানান, গত শুক্রবার এ  
 ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ  
 করার কথা ছিল। যান্ত্রিক ত্রুটির  
 ওএমআর মেশিনে কোনো উত্তরপত্র  
 মূল্যায়ন করতে না পারায় যেখান  
 সময়ে ফল প্রকাশ করা সম্ভব হচ্ছে  
 না। পরবর্তী সময়ে ওই বিভাগগুলোর  
 লিখিত ও ব্যবহারিক উভয় পরীক্ষার  
 সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট  
 () এবং অনুষদ ও বিভাগের নোটিশ  
 বোর্ডে দেওয়া হবে।